

ইজরিপ কপিরাইট বিরোধ নীতি:

ই-জরিপের নীতি হল (১) আমাদের ব্যবহারকারী, বিজ্ঞাপনদাতা, অনুমোদনকারী, বিষয়বস্তু সরবরাহকারী অথবা সদস্যদের দ্বারা কোন কপিরাইট করা উপাদান বেআইনী ভাবে কপি করা বা বন্টন করা হলে তার প্রবেশ রুদ্ধ করা বা উপাদান সরিয়ে ফেলা। (২) পুন: পুন: অনধিকার প্রবেশকারীদের সরিয়ে ফেলা এবং পরিত্যাগ করা।

১. কপিরাইট লঙ্ঘন রিপোর্টিং এর জন্য প্রক্রিয়া

যদি আপনি বিশ্বাস করেন যে, এই সার্ভিসে অবস্থিত বা প্রবেশযোগ্য কোন উপাদান বা বিষয়বস্তু কোন কপিরাইটকে লঙ্ঘন করছে, তাহলে দয়া করে মনোনীত এজেন্টের কাছে কপিরাইট লঙ্ঘনের নোটিশ পাঠিয়ে দিন। নোটিশে নিম্নলিখিত তথ্যাবলী সংযুক্ত করুন যা এই পলিসির শেষে তালিকাভুক্ত করা হয়েছে।

ক. যে কপিরাইটটি লঙ্ঘিত হয়ে সেই কপিরাইট মালিকের পক্ষে কাজ করার জন্য অনুমোদিত ব্যক্তির একটি শারীরিক বা ইলেকট্রনিক স্বাক্ষর পাঠাতে হবে।

খ. লঙ্ঘিত হয়েছে এমন কোন উপাদান বা কাজের সনাক্তকরণ।

গ. লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত উপাদান সনাক্তকরণের পাশাপাশি লঙ্ঘিত উপাদানের অবস্থান সম্পর্কেও জানাতে হবে যাতে কপিরাইট মালিক সরিয়ে ফেলতে চান। এর সাথে পর্যাপ্ত বিবরণ দিতে হবে যাতে ই-জরিপ তা খুঁজে পেতে সক্ষম হয় এবং এর উপস্থিতি যাচাই করতে পারে।

ঘ. নোটিফিকেশন দাতার ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল আইডি (যদি থাকে) দিতে হবে।

ঙ. নোটিফিকেশন দাতা কর্তৃক এমন একটি বিবৃতি প্রদান করতে হবে যে তিনি আনুষ্ঠানিকভাবে বিশ্বাস করেন যে লঙ্ঘিত উপাদানটি যা সনাক্ত করা হয়েছে তা কপিরাইট মালিক, তাঁর এজেন্ট বা আইন দ্বারা সত্যায়িত নয়।

চ. এমন বিবৃতি দিতে হবে যে নোটিফিকেশন দাতার প্রদত্ত তথ্য সত্য, অন্যায় সে জরিমানা বা শাস্তির যোগ্য বলে গণ্য হবে এবং নোটিফিকেশন দাতা কপিরাইট মালিকের পক্ষে অভিযোগ করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

ই-জরিপের নীতি হল যখনই সঠিক ও প্রকৃত লঙ্ঘন নোটিফিকেশন মনোনীত এজেন্ট কর্তৃক গৃহীত হবে

তখন-

ক. লঙ্ঘিত উপাদান এর প্রবেশ অক্ষম করা অথবা সরিয়ে ফেলা।

খ. বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য অথবা ব্যবহারকারীকে নোটিশ দিয়ে জানানো যে চিহ্নিত উপাদানের প্রবেশ অক্ষম করা হয়েছে বা সরিয়ে ফেলা হয়েছে।

গ. অনধিকার প্রবেশকারী কর্তৃক পাঠানো লজ্জিত উপাদান সরিয়ে ফেলার সাথে সাথে ই-জরিপ এ ধরনের বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য অথবা ব্যবহারকারীদের প্রদত্ত সার্ভিস থেকে বহিষ্কার করা হবে।

২. মনোনীত এজেন্টকে পাল্টা নোটিশ পাঠানোর প্রক্রিয়া-

যদি বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য অথবা ব্যবহারকারী বিশ্বাস করেন যে সরিয়ে ফেলা উপাদান (বা যেটির প্রবেশ অক্ষম করা হয়েছে) লজ্জিত উপাদান নয় অথবা যদি বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য বা ব্যবহারকারী বিশ্বাস করে যে কপিরাইট মালিক বা তার এজেন্ট বা আইন অনুসারে তার এধরনের উপাদান পোষ্ট করা বা ব্যবহার করার অধিকার আছে, তাহলে বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য বা ব্যবহারকারী অবশ্যই মনোনীত এজেন্টকে নিম্নলিখিত তথ্য সম্বলিত একটি পাল্টা নোটিশ পাঠাতে হবে।

ক. বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য বা ব্যবহারকারী শারীরিক বা ইলেকট্রনিক স্বাক্ষর।

খ. সরিয়ে ফেলা অথবা প্রবেশ অক্ষমকৃত উপাদানটি সনাক্তকরণ এবং সরিয়ে ফেলা বা অক্ষম করার পূর্বে উপাদানটি যেখানে অবস্থান করছিল।

গ. বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য, ব্যবহারকারী কর্তৃক এমন বক্তব্য প্রদান করা যে তিনি মনে প্রাণে বিশ্বাস করেন ভুলবশত: বা ভুল সনাক্তকরণের কারণেই উপাদানটি সরিয়ে ফেলা বা অক্ষম করা হয়েছে।

ঘ. বিষয়বস্তু সরবরাহকারী, সদস্য, ব্যবহারকারীকে নাম, ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল আইডি (যদি থাকে) সহ বিবৃতি প্রদান করতে হবে যে তিনি, তাঁর এলাকার (জুডিসিয়াল ডিস্ট্রিক্ট) ফেডারেল কোর্টের বিধিবিধান মেনে চলতে সম্মত থাকবেন অথবা যদি তিনি ইউএসএ এর বাইরে থাকেন তবে যে বিচার বিভাগের অধীনে ই-জরিপ অবস্থিত সেখানের আইনী প্রক্রিয়া মেনে চলবেন এবং লজ্জনের অভিযোগ দিয়ে নোটিফিকেশন প্রদানকারীর সার্ভিস প্রক্রিয়া গ্রহণ করতে রাজ্য থাকবেন।

মনোনীত এজেন্ট যদি পাল্টা নোটিশ পেয়ে থাকেন, ই-জরিপ প্রকৃত অভিযোগকারীকে পাল্টা নোটিশ এর একটি কপি পাঠিয়ে এই মর্মে জানাতে পারেন, ই-জরিপ চাইলে ১০ কার্যদিবসের মধ্যে সরিয়ে ফেলা উপাদান ফিরিয়ে আনতে পারেন অথবা এর অক্ষম করাকে রোধ করতে পারেন। যদি না কপিরাইট মালিক বিষয়বস্তু সরবরাহকারী সদস্য বা ব্যবহারকারীর বিরুদ্ধে কোর্টের আদেশ জারীর জন্য কেইস ফাইল করেন, ই-জরিপ চাইলে পাল্টা

নোটিশ পাবার পর ১০ থেকে ১৪ কার্যদিবসের (বেশী ও হতে পারে) মধ্যে সরিয়ে ফেলা উপাদান ফিরিয়ে আনতে অথবা এর প্রবেশের বাধা দূর করে দিতে পারেন।